**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 07–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে রথযাত্রা উৎসব অনুষ্ঠিত হচ্ছে ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা :মানিক সাহা রোগীদের স্বার্থে সময়ের বাইরে গিয়েও সেবামূলক কাজ করার জন্য চিকিৎসকদের প্রতি আহ্বান জানিয়েছেন ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল তিনদিনের রাশিয়া ও অস্ট্রিয়া সফরে যাচ্ছেন।**

**(৪) ঘরোয়া মহিলা ফুটবল লিগের আজকের খেলায় বিশ্রামগঞ্জ প্লে সেন্টার জয়ী হয়েছে ।**

*******************************

**Rath Utsab-Puri:**

আজ জগন্নাথ দেবের রথযাত্রা উৎসব। দেশের সর্ববৃহৎ রথযাত্রা উড়িষ্যার পুরীতে অনুষ্ঠিত হচ্ছে। এবছর উড়িষ্যায় পুরীর রথযাত্রায় সামিল হয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। পুরীর জগন্নাথ মন্দিরে আজ প্রথমে তাকে স্বাগত জানানো হয়। উড়িষ্যার রাজ্যপাল রঘুবর দাস এবং মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি সহ অন্যান্যরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে লক্ষাধিক ভক্ত রথ টানতে ও প্রভু জগন্নাথ, বলভদ্র ও সুভদ্রা দেবীর দর্শন পেতে আজ পুরীতে সমবেত হয়েছেন। এই উৎসব জগন্নাথ, বলভদ্র ও সুভদ্রা দেবীর তাঁদের মাসী গুন্ডিচা দেবীর মন্দিরে যাত্রাকে চিহ্নিত করে এবং আট দিন পর তাঁদের ফিরে আসার মাধ্যমে শেষ হয়।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এক সোশ্যাল মিডিয়া পোস্টে জগন্নাথ দেবের কাছে আজকের দিনে সকলের জন্য সুখ শান্তি ও সমৃদ্ধির প্রার্থনা জানিয়েছেন। উপরাষ্ট্রপতি জগদীপ ধানঘর জগন্নাথের এই ঐশ্বরিক যাত্রা যেন মানুষের জীবনে সুখ, স্বাস্থ্য ও আধ্যাত্মিক পরিপূর্ণতা নিয়ে আসে তার জন্য প্রার্থনা জানান। প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদিও সমগ্র দেশের জন্য ভগবান জগন্নাথ দেবের আশীর্বাদ প্রার্থনা করেছেন।

*******************

**Ratha Yatra-Agartala:**

রাজ্যেও আজ উৎসাহ-উদ্দীপনা ও ঐতিহ্য সহকারে জগন্নাথ দেবের রথযাত্রা উৎসব অনুষ্ঠিত হয়। আগরতলার জগন্নাথ জিউ মন্দির থেকে সুসজ্জিত রথ জগন্নাথ, বলভদ্র ও শুভদ্রা দেবীকে নিয়ে আজ শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে জগন্নাথ জিউ মন্দিরে ফিরে আসে। জগন্নাথ জিউ মন্দিরে পাঁচ দিনব্যাপি ধর্মীয় আলোচনার আয়োজন করা হয়েছে। রথযাত্রা উপলক্ষে এখানে মেলাও বসে।

এদিকে, ইসকন আগরতলা শাখার উদ্যোগে আজ রথযাত্রা উৎসব অনুষ্ঠিত হয়। আগরতলার পূর্বাশা প্রাঙ্গনে আয়োজিত নয় দিনব্যাপি এই রথযাত্রা উৎসবের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ক্রীড়া ও যুবকল্যানমন্ত্রী টিংকু রায়, বিশিষ্ট সমাজসেবী রাজীব ভট্টাচার্য, টি আই ডি সি-র চেয়ারম্যান নবাদল বনিক প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানের পর তিনটি রথ শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে পূর্বাশা প্রাঙ্গনে ফিরে আসে। এখানে প্রচুর লোকসমাগম হয়।

*******************

**DM Visit:**

এদিকে, রথযাত্রার উৎসব উপলক্ষে আজ আগরতলা জগন্নাথ জিউ মন্দিরে ও মঠ চৌমুনীস্থিত ইসকন মন্দিরের রথ পরিদর্শন করেন পশ্চিম জেলার জেলাশাসক ডক্টর বিশাল কুমার এর নেতৃত্বে প্রশাসন ও আরক্ষা দপ্তরের একটি দল। রথযাত্রার সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে প্রশাসনের দেওয়া নির্দেশগুলি রথযাত্রার আয়োজ করা মানছে কিনা তা খতিয়ে দেখতে এই

পরিদর্শন বলে জানিয়েছেন পশ্চিম জেলার জেলাশাসক ডক্টর বিশাল কুমার।

*******************

**RathYatra -Melaghar:**

মহাসমারোহে উদযাপিত হয়েছে মেলাঘরের ঐতিহ্যবাহী রথযাত্রা উৎসব। গতকাল মুখ্যমন্ত্রীর হাত ধরে মেলাঘরের এই রথ উৎসব ও নয় দিনব্যাপী মেলার উদ্বোধন হয়। প্রায় ৫৮ ফুট উচ্চতার বিশালাকার রথে চড়ে অন্যান্যবারের মতো এবারও মাসির বাড়িতে গেলেন জগন্নাথ, বলভদ্র ও সুভদ্রা। বিকেল প্রায় সাড়ে তিনটায় রথের রশিতে প্রথম টান পরে। প্রায় ১ ঘন্টার ব্যবধানে জগন্নাথ মন্দির থেকে গন্ডিচা মন্দির পর্যন্ত যায় রথ।

*******************

**Rath Utsab-Gomati:**

গোমতী জেলার বিভিন্ন স্থানেও পালিত হয় রথ উৎসব l জেলার মূল অনুষ্ঠানটি হয় উদয়পুর জগন্নাথ জিও মন্দিরে- সমাগম হয় প্রচুর পুর্ন্যার্থীর। এই রথযাত্রা উৎসবে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার সহ অন্যান্যরা।

এদিকে মহকুমার গকুলপুর, পালাটানা, মাতাবাড়ি, চন্দ্রপুর ও ব্রহ্মাবাড়ি ভবানী মন্দির প্রাঙ্গনে রথের উৎসব পালিত হয় l

*******************

**Rath Utsab-Khowai:**

রথযাত্রা উৎসব উপলক্ষে খোয়াই শ্রীকৃষ্ণ মন্দির প্রাঙ্গন থেকে খোয়াই যাদব মহাসভার উদ্যোগে একটি সুসজ্জিত রথ বিভিন্ন পথ পরিক্রমা করে। এছাড়া, পুরাতন বাজার হরি মন্দির প্রাঙ্গন, গনকী এবং হাত কাটা থেকে আরও তিনটি সুসজ্জিত রথ খোয়াই শহর পরিক্রমা করে। এই রথযাত্রা উৎসবে প্রচুর মানুষের ভীড় হয়।

*******************

**Rath-Yatra-KAILASHAHA:**

পরম্পরাগত ধর্মীয় ভাবধারায় ও আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে ঊনকোটি জেলা সদর কৈলাশহরে আজ পালিত হচ্ছে শ্রী শ্রী জগন্নাথদেবের রথযাত্রা উৎসব।

এই উপলক্ষে কৈলাশহরের বিভিন্ন ধর্মীয় –সামাজিক সংস্থা ও সংগঠনের পক্ষ থেকে সুসজ্জিত রথ বের হয়। জগন্নাথ,বলরাম ও সুভদ্রাকে নিয়ে রথগুলি নানাস্থান পরিভ্রমণ করে। রথযাত্রা উপলক্ষে আজ জেলা সদর কৈলাশহরে উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়। বিভিন্ন স্থানে এই উপলক্ষ্যে রথের মেলা অনুষ্ঠিত হয়।

*******************

**RathYatra- Baikhora:**

রথযাত্রা উপলক্ষে আজ ব্যাপক জনসমাগম ঘটে বাইখোড়ায়। জগন্নাথ বাড়ি থেকে জগন্নাথ, বলভদ্র ও শুভদ্রাকে নিয়ে রথ আসে বাইখোড়া বাজারে গুন্ডিচা মন্দিরে। এই পরিক্রমায় উপস্থিত ছিলেন সাংসদ বিপ্লব কুমার দেব, শান্তিরবাজারের মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য সহ বহু ধর্মপ্রাণ মানুষ।

রথযাত্রা উৎসব উপলক্ষে এবার সারা রাজ্যে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়। ইতিপূর্বে মুখ্যমন্ত্রীর পৌরহিত্যে অনুষ্ঠিত বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী আরক্ষা সহ প্রশাসনের বিভিন্ন দপ্তর, এনএসএস ও বিভিন্ন সেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা রথযাত্রা উৎসবের দিনগুলিতে নিরাপত্তা ব্যবস্থার কাজে নিয়োজিত রয়েছেন।

*******************

**CM Blood Donation:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রক্তের স্বল্পতা মেটাতে চিকিৎসকরা শুধুমাত্র অন্যদের রক্তদান করার জন্য উৎসাহিত করেন না, নিজেরাও রক্তদানে এগিয়ে আসেন। যা সমাজের জন্য একটা ইতিবাচক দিক। জাতীয় চিকিৎসক দিবস উপলক্ষে আজ ইন্ডিয়ান মেডিকেল

এসোসিয়েশন ত্রিপুরা শাখার উদ্যোগে আইএমএ হাউজে আয়োজিত এক স্বেচ্ছা রক্তদান শিবিরের উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী। তিনি রোগীদের স্বার্থে সময়ের বাইরে গিয়েও সেবামূলক মানসিকতা নিয়ে কাজ করার জন্য চিকিৎসকদের প্রতি আহ্বান জানান। শিবিরে উপস্থিত ছিলেন ইন্ডিয়ান মেডিকেল এসোসিয়েশন ত্রিপুরা শাখার সভাপতি ডঃ সঞ্জীব দেববর্মা, সম্পাদক ডঃ বাসব ঘোষ প্রমুখ। অনুষ্ঠানে আই এম হাউজ চত্বরে বৃক্ষরোপণ করেন মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিরা। এদিনের শিবিরে ২৯ জন রক্তদাতা রক্তদানে সামিল হন।

*******************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল তিন দিনের রাশিয়া ও অস্ট্রিয়া সফরে যাচ্ছেন। প্রথমে তিনি ২২ তম ভারত রাশিয়া বার্ষিক সম্মেলনের জন্য রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিনের আমন্ত্রণে মস্কোতে থাকবেন। প্রধানমন্ত্রীর এই সফরে দুই দেশের মধ্যে বহুমুখী সম্পর্ক নিয়ে পর্যালোচনা সহ পারস্পরিক স্বার্থের সমসাময়িক আঞ্চলিক ও বৈশ্বিক বিষয়ে মত বিনিময় হবে বলে আশা করা যাচ্ছে। রাশিয়া সফর শেষে প্রধানমন্ত্রী মঙ্গলবার অস্ট্রিয়া পৌঁছবেন। ৪১ বছরের মধ্যে এটিই হবে কোন ভারতীয় প্রধানমন্ত্রীর প্রথম অস্ট্রিয়া সফর।

*******************

**Terrorist Death:**

কাশ্মীর উপত্যকায় দক্ষিন কাশ্মীরের কুলগাঁও জেলায় নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে ছয় জন সন্ত্রাসবাদী নিহত হয়েছে। ফ্রিজাল চিন্নীগাঁও এলাকা এবং মতেরগাঁও জেলায় লুকিয়ে থাকা সন্ত্রাসবাদীদের উপস্থিতি সম্পর্কে নির্দিষ্ট গোয়েন্দা তথ্যের পরই গতকাল বিকেলে এই সংঘর্ষ শুরু হয়েছিল। পুলিশের মহানির্দেশক আর আর সোয়াইন সাংবাদিকদের এখবর জানিয়েছেন। সংঘর্ষের সময় নিরাপত্তা বাহিনীর দুজন সদস্যও প্রাণ হারিয়েছেন।

*******************

**Inauguration programme:**

বিধায়ক দীপঙ্কর সেনের বিধায়ক এলাকা উন্নয়ন তহবিলের ২০ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত ঈশানচন্দ্র নগর তপোবন আশ্রমের নাট মন্দিরের আজ আনুষ্ঠানিক উদ্বোধন হয়। বিধায়ক দীপঙ্কর সেন, ভারতচন্দ্র নগর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন পুতুল পাল বিশ্বাস, স্বামী শচীদানন্দ পুরী মহারাজ, প্রমুখ এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

*******************

**C.P.I(M Meeting:**

C.P.I(M)-এর ঊনকোটি জেলা সম্পাদকমন্ডলী, দলের কৈলাশহর, কুমারঘাট ও লংতরাইভ্যালী মহকুমা সম্পাদকমন্ডলীর বৈঠক আজ কৈলাশহরের দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

বৈঠকে উপস্থিত ছিলেন, দলের পলিটব্যুরো সদস্য তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, প্রাক্তন আইনমন্ত্রী তপন চক্রবর্তী, দলের রাজ্য সম্পাদকমণ্ডলীর সদস্য রাজেন্দ্র রিয়াং প্রমুখ।

বৈঠকে সাংগঠনিক বিষয় নিয়ে আলোচনা ও মতবিনিময় করা হয় বলে দলীয় সূত্রে জানা যায়।

*******************

**Food Distribution:**

ভারত বিকাশ পরিষদ পূর্ব শাখা ও সংগঠনের ত্রিপুরা প্রান্তের যৌথ উদ্যোগে আজ আগরতলা ক্যান্সার হাসপাতালে রোগীদের মধ্যে দুধের প্যাকেট, জুস সহ বিভিন্ন খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। আগামী ১০ই জুলাই সংগঠনের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে এই কর্মসূচির আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন ভারত বিকাশ পরিষদের ত্রিপুরা প্রান্তীয় সভাপতি ভজন ভট্টাচার্য্য, পূর্ব শাখার সভাপতি শ্যামল ভট্টাচার্য্য সহ অন্যান্যরা।

*******************

**DYFI:**

ডি ওয়াই এফ আই ও টি ওয়াই এফ বামপন্থী দুটি যুব সংগঠন কাজের দাবিতে, নেশার বিরুদ্ধে আজ আগরতলার ড্রপ গেট এলাকায় মিছিল ও পথসভা সংগঠিত করে। সভায় বক্তব্য রাখেন ডিওয়াইএফআই রাজ্য সম্পাদক নবারুণ দেব, সভাপতি পলাশ ভৌমিক সহ অন্যান্য নেতৃবৃন্দ।

*******************

**Weather-Uttarakhand:**

উত্তরাখন্ডের গাড়োয়াল ও কুমায়ুন অঞ্চলের বেশ কয়েকটি জেলায় অতি ভারী বৃষ্টির জন্য লাল সতর্কতা জারি করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে আজকের চারধাম যাত্রা স্থগিত রাখা হয়েছে। গাড়োয়ালের কমিশনার বি. এস পান্ডে তীর্থযাত্রীদের ঋষিকেশ থেকে তাদের যাত্রা শুরু না করার পরামর্শ দিয়েছেন, আর যারা ইতিমধ্যে তীর্থস্থানে পৌঁছে গেছেন তাদেরকে ভারী বৃষ্টিপাতের দরুন সেখানে থাকার পরামর্শ দেওয়া হয়েছে।

এদিকে, আসামে আজ বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে। তবে IMD লোয়ার আসামের ও বরাক উপত্যকার কিছু জায়গায় ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে। আসামে দ্বিতীয় দফার বন্যায় প্রায় ২৪ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে। প্রায় ৩০০টি ত্রান শিবিরে ৫৩ হাজারেরও বেশি গৃহহীন মানুষ আশ্রয় নিয়েছেন। জাতীয় ও রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনী ও অন্যান্য সংস্থা ত্রান ও উদ্ধার কার্য চালিয়ে যাচ্ছে।

*******************

**Weather:**

রাজ্যের বিভিন্ন অঞ্চলে আগামী ২৪ ঘন্টায় বজ্র বিদ্যুৎ সহ দু’য়েক পশলা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা থাকতে পারে সর্বোচ্চ ৩৪ ও সর্বনিম্ন থাকতে পারে ২৭ ডিগ্রি সেলসিয়াস। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৫ এবং সর্বিনিম্ন ছিল ২৬.৭ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ১.৯ মিলিমিটার।

*******************

**Women Football:**

ঘরোয়া মহিলা ফুটবল লিগের আজকের খেলায় বিশ্রামগঞ্জ প্লে সেন্টার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় বিশ্রামগঞ্জ প্লে সেন্টার ৩-০ গোলে চলমান সংঘকে পরাজিত করে।

*******************

**Third Division Football:**

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আমরা কজনা ও কদমতলী যুব সংস্থার খেলাটি গোলশূন্য ভাবে শেষ হয়।

*******************

*******************